চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি-১)

নগরীর বিভিন্ন এলাকা পরিদর্শনকালে মেয়র

নিজস্ব সম্পদের সদ্বব্যবহার ও আয়ের উৎস বৃদ্ধি
সুন্দর নগর গড়ার পূর্বশর্ত

চট্টগ্রাম-২৩ মার্চ'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রাম নগরীর ব্যাপক অবকাঠামোগত উন্নয়ন ও সুন্দর পরিচ্ছন্ন আবাসযোগ্য নান্দনিক নগর হিসেবে গড়ে তুলতে হলে বিশাল অর্থ প্রয়োজন। বাস্তব সত্য হচ্ছে সেই সক্ষমতা আমাদের নেই। তারপরও উন্নয়ন থেমে থাকতে পারে না। তাই সরকারের মুখাপেক্ষী না হয়ে আমাদের নিজস্ব আয়বর্ধক প্রকল্প গ্রহণ করা আজ সময়ের দাবী। তিনি আজ বিকেলে নগরীর বিবিরহাট কাঁচাবাজার, চকবাজার মাছবাজার, লালচান্দঁ রোড, স্টেশন রোডস্থ বিআরটিসি এলাকা পরিদর্শনকালে এই আভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, নগরীর সকল অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হবে এবং নালা-নর্দমা-খাল দখল করে যারা জনদূর্ভোগ সৃষ্টি করছে তাদের বিরুদ্ধেও কঠোর আইনগত ব্যবস্থা নেয়া হবে। তিনি হুশিয়ারি উচ্চারণ করে বলেন, সিটি কর্পোরেশনে বসবাসকারী প্রত্যেককে প্রচলিত আইন-কানুন ও বিধিমাল শতভাগ অনুসরন ও পালন করতে হবে। এই ক্ষেত্রে কাউকে তিল পরিমান ছাড় দেয়ার অবকাশ নেই। তিনি আরো বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যে সম্পদগুলো আছে, সেগুলোর উপযুক্ত সদ্ব্যব্যহার করতে পারলে আমাদের সক্ষমতা বাড়বে। যে মার্কেট ও বাজারগুলো আছে সেগুলোর ব্যবস্থাপনাগত বিন্যাসের মাধ্যমে আয়ের ভান্ডার সমৃদ্ধ করতে হবে। তিনি আরো উল্লেখ করেন যে, অতীতে আমাদের বেশ কিছু আয়বর্ধক প্রকল্প ছিলো এবং এই থেকে সিটি কর্পোরেশনের আয় ও সম্পদের ভান্ডার মজবুত হতো কিন্তু সেই ধারাবাহিকতা আমরা ধরে রাখতে পারিনি। আমার দায়িত্বপালনকালে সিটি কর্পোরেশনের নিজস্ব আয়ের উৎসগুলোর পরিধি বাড়াবো এবং রাজস্ব আদায়ের প্রক্রিয়াকে সহজতর করবো যাতে নগরবাসী কর প্রদানে উৎসাহিত হয়।

তিনি উল্লেখিত এলাকাগুলো পরিদর্শনকালে জনসাধারণের মাঝে বিনামূল্যে মাস্ক ও হ্যান্ড সেনিটাইজার বিতরণ করে বলেন, করোনার সংক্রমণ উদ্বেগজনকভাবে বেড়ে গেছে। এই পরিস্থিতি সামাল দিতে হলে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও সরকারি নির্দেশনা শতভাগ মেনে চলতে হবে, জনসমাগম এড়িয়ে চলতে হবে। বিয়ে-শাদী ও সামাজিক অনুষ্ঠান সীমিত আয়োজনের মধ্যে করতে হবে। ঘরের বাইরে রাস্তা-ঘাট, হাট-বাজার ও পরিবহণে চলাচলে সামাজিক ও শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে। নিজের ও অপরের সুরক্ষা নিশ্চিত না হলে আমরা আত্মঘাতীর পথে নিপতিত হবে।

এ সময় উপস্থিত ছিলেন চসিকের ভারপ্রাপ্ত সচিব ও প্রধান রাজস্ব কর্মকর্তা নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম,অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, নির্বাহী প্রকৌশলী মোঃ জসিম উদ্দীন, বিপ্লব দাশ, এস্টেট অফিসার মোঃ কামরুল ইসলাম চৌধুরী।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

ইউএনডিপি'র প্রতিনিধির সাথে সাক্ষাতকালে মেয়র

দীর্ঘমেয়াদী ভূমি বন্দবস্তী সহ প্রয়োজনীয় সহায়তা দেয়া হবে

চট্টগ্রাম-২৩ মার্চ'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেছেন, দেশের দরিদ্র্য জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি বাড়ি একটি খামার ও আমার গ্রাম আমার শহর প্রকল্পের আলোকে ইউএনডিপি'র মত আর্ন্তজাতিক সংস্থার সম্পৃক্ততা ও সহায়তা উদ্যোগ দারিদ্র্য বিমোচনে ইতিবাচক প্রভাব ফেলবে। নগরীর ঝুঁকিপূর্ণ পাহাড়ী এলাকায় বসবাসকারিদের নিরুৎসাহিত করে সমতটের প্রান্তিক শ্রেণীর পরিবারের আবাসন সংস্থানের জন্য ইউএনডিপি'র অন্তর্ভুক্ত এলআইইউপিসি'র ইতিবাচক উদ্যোগকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন দীর্ঘমেয়াদী ভূমি বন্দোবস্তীসহ প্রয়োজনীয় সহায়তা দেবে।

তিনি আজ মঙ্গলবার সকালে তাঁর অফিস কক্ষে ইউএনডিপি' সহযোগী সংস্থা এলআইইউপিসি'র আর্ন্তজাতিক প্রকল্প ব্যবস্থাপক মিঃ ইয়োগেশ প্রাধানাং সাথে সাক্ষাতকালে এ কথা বলেন। তিনি আরো বলেন, গৃহহীনদের আবাসন সংস্থানের পাশাপাশি বস্তী উন্নয়নের বিষয়টি প্রাধান্য দাবী করে। কারণ বর্তমানে বস্তীগুলোর চিত্র খুবই করুণ। অপরিছন্ন পরিবেশে জীবানু কিলবিল করে এবং এতে সংক্রমনজনিত রোগ-বালাইয়ের বিস্তার ঘটছে। এই পরিস্থিতিতে বস্তীগুলোতে স্যুয়ারেজ ব্যবস্থাপনা, সুপেয় পানি সরবরাহ ও পরিছন্নতা প্রকল্পে আর্ন্তজাতিক বিনিয়োগকে আমরা স্বাগত জানাবো। প্রতিনিধি দলের নেতা মিঃ ইয়োগেশ প্রাধানাং মেয়রকে অবহিত করেন যে, তাদের সংস্থা বাংলাদেশের দারিদ্র্য বিমোচন ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে যে বরাদ্দ বিনিয়োগ করে তার মধ্যে বড় অংশ চট্টগ্রামে করা হয়। চট্টগ্রাম নগরীতে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে তারা একাধিক প্রকল্প বাস্তবায়ন করেছে। এক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশন যথেষ্ট সহযোগিতা ও প্রণোদনা যুগিয়েছে। এ জন্য তিনি মেয়রকে ধন্যবাদ জানান।

এ সময় উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত সচিব ও প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মোহাম্মদ আবুল হাশেম, নগর পরিকল্পনাবিদ আবুদুল্লাহ আল উমর, ইউএনডিপি' সিটি লিয়াঁজো কোর্ডিনেটর এস. এম আল মামুন, কমিউনিকেশন কো-অডিনেটর ফরিদ আহমদ ও টাউন ম্যানেজার সরওয়ার হোসেন।

(প্রেস বিজ্ঞপ্তি-৩)

রেডক্রিসেন্ট চট্টগ্রাম সিটিইউনিটের সাথে মত বিনিময়কালে মেয়র

সিটি কর্পোরেশন ও রেড ক্রিসেন্টের যৌথ উদ্যোগে ফিজিওথেরাপি সেন্টার প্রতিষ্ঠা করা হবে

চট্টগ্রাম-২৩ মার্চ'২০২১খ্রিঃ

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চট্রগ্রাম সিটি ইউনিটের কার্যনির্বাহী কমিটির সভা আজ ২৩ মার্চ বাটালীহিলস্থ নগরে ভবনে চট্রগ্রাম সিটি কর্পোরেশন এর মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এসময় তাকে সোসাইটির বিধি মোতাবেক সিটি মেয়রকে ক্ষমতাবলে চট্রগ্রাম সিটি রেড ক্রিসেন্টের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। সভায় উপস্থিত ছিলেন রেড ক্রিসেন্ট চট্রগ্রাম সিটি ইউনিটের ভাইস চেয়ারম্যান এম.এ ছালাম, সেক্রেটারী আব্দুল জব্বার, সিটি ইউনিটের কার্যকরী পর্ষদ সদস্য মনজুর মোর্শেদ ফিরোজ, এইচএম সালাউদ্দীন, সাফকাত জাহান, মহসিন উদ্দীন চৌধুরী ফয়সাল, আনোয়ার আজম,সৈয়দ আদনান হোসাইন, জেলা রেড ক্রিসেন্টের কার্যকরী পর্ষদ সদস্য ও যুব রেড ক্রিসেন্ট চট্রগ্রামের যুব প্রধান মোঃ ইসমাইল হক চৌধুরী ফয়সাল।

সভায় চট্রগ্রাম সিটি কর্পোরেশন ও সিটি ইউনিটের যৌথ উদ্দ্যোগে ফিজিওথেরাপি সেন্টার করার উদ্যোগ গ্রহণ করা হয়। সভা শেষে চট্রগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত কোভিড-১৯ টিকাদান কেন্দ্রের জন্য টিকাদান সহযোগী উপকরণ ৬৫ হাজার অ্যালকোহল প্যাড হস্তান্তর করা হয়। এসময় সিটি মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরীকে রেডক্রিসেন্টের কার্যক্রম, কোভিড-১৯ টিকাদান কেন্দ্রে স্বেচ্ছাসেবক দের অংশগ্রহণ সহ সার্বিক বিষয়ে অবহিত করা হয়।

(প্রেস বিজ্ঞপ্তি-৪)

বহদ্দারহাট-শুলকবহর

নালা,ফুটপাত দখলমুক্ত করলো চসিক

<u>চট্টগ্রাম-২৩ মার্চ'২০২১খ্রিঃ</u>

নগরীর বহদ্দারহাট ও শুলকবহর এশিয়ান হাইওয়ে এলাকায় আজ সকালে অবৈধ স্থাপনা ও দোকানপাট উচ্ছেদ করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। নালা ও ফুটপাত দখল করে অবৈধ দোকানপাট বসিয়ে জনদূর্ভোগ সৃষ্টি করায় অভিযান চালানো হয়। অভিযানে সাত বক্তির বিরুদ্ধে মামলা দায়েরর পাশাপাশি তাদের কাছ থেকে ২১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানে নেতৃত্বদানকারী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী বলেন সিটি মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরীর নির্দেশে নগরীর সকলস্থানে অবৈধ স্থাপনা উচ্ছেদ ও অপসারণ চলমান থাকবে। জনস্বার্থে এই অভিযান চলবে। আজকের অভিযানে কর্পোরেশনের সংশ্লিষ্ঠ কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্যরা সহয়তা করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩